

# মুসলিম সম্প্রদায়ের জন্য তথ্য

এই নথিটি COVID-19-এর প্রকোপকালে ভিন্ন ভিন্ন সাংস্কৃতিক ও ধর্মীয় প্রথা চর্চার অধীনে রমজান সম্পর্কে প্রায়শই জিজ্ঞাস্য প্রশ্ন সমূহের সঠিক ধারণা দেয়।

## রমজানে মুসলিমরা কি দলবৃদ্ধি বা ১০ জনের বেশী একত্রিত হতে পারবে?

দুর্ভাগ্যক্রমে, ধর্মীয় অনুষ্ঠানাদি পালন বা উদযাপনে অতিরিক্ত লোক সমাগমে দল বৃদ্ধি করার সুযোগ নেই।

৩য় স্তরের সতর্কতা চলাকালে নিকট আত্মীয়দের সাথে মিলিত হতে পারেন, সেবা প্রদানকারীদের যুক্ত করতে পারেন বা আইসোলেটেড ব্যক্তিদের সহায়তা প্রদান করতে পারেন। এই জাতীয় জড়োবদ্ধ হওয়া যথা সম্ভব ক্ষুদ্রাকার এবং সংখ্যায় কম হওয়া আবশ্যিক।

মুসলিমগণকে নিজ নিজ গৃহে, পারিবারিক পরিমণ্ডলে পবিত্র রমজান পালন করতে আহ্বান জানানো হচ্ছে।

## ইফতার, ইশা ও তারাবীহর জন্য কি মুসলিমগণ একত্রিত হতে পারে?

ইফতার এবং ইশা আপনারা একসাথে পালন করতে পারেন, তবে দুর্ভাগ্যক্রমে আপনার পরিচিতির বাইরে কারো সাথে নয়।

সকল ধর্মীয় গোষ্ঠীর মতোই, ধর্মীয় ক্রিয়াকলাপ পালনের জন্য জমায়েত হওয়া, COVID-19 সংক্রমণের জন্য অত্যন্ত উচ্চমাত্রায় ঝুঁকিপূর্ণ- এমনকি ৩য় স্তরের সতর্কতায় ও। মুসলিমগণকে ইফতার ও ইশা এবং তারাবীহ নামাজ নিজস্ব গণ্ডিতে পালনে অনুপ্রানিত করা হচ্ছে।

## সামাজিক দূরত্বের বিধানগুলি পালন সাপেক্ষে ৩য় স্তরের সতর্কতা চলাকালে মসজিদ এবং অন্যান্য ধর্মীয় স্থানগুলি কি খোলা যেতে পারে?

দুঃখিত, না। ৩য় স্তরের সতর্কতা চলাকালে মসজিদসহ অন্য সমস্ত উপাসনালয় সাধারণের জন্য বন্ধ রাখা আবশ্যিক। মসজিদ কর্মীরা মসজিদ এবং অন্যান্য ধর্মীয় স্থানসমূহে কাজের জন্য যেতে পারেন, যেমনঃ অনলাইনে ধর্মীয় সেবা প্রদান। বিভিন্ন সম্প্রদায়ের বিভিন্ন উপাসনালয় অনলাইন পদ্ধতিতে সেবা কার্যক্রম পরিচালনা করছে।

Find out more at  
**Covid19.govt.nz**

New Zealand Government

**Unite  
against  
COVID-19**

৩য় স্তরের সতর্কতা চলাকালে হাসপাতাল ও অন্যান্য পরিচর্যার স্থান গুলিতে ইমাম এবং অন্যান্য ধর্মীয় নেতারা কি (অসুস্থ) ব্যক্তিদের সাথে সশরীরে শেষবারের মতো সাক্ষাৎ এবং ধর্মীয় কার্যাদি পরিচালনা করতে পারবেন? কিংবা, তারা কি সশরীরে শেষকৃত্য আয়োজন করতে পারবেন?

৩য় স্তরের সতর্কতা চলাকালে (অসুস্থ বা মৃত ব্যক্তির) জানাজাসহ শেষকৃত্যগুলির বিষয়ে গাইডলাইন তৈরির কাজ চলছে এবং শীঘ্রই তা প্রকাশ করা হবে।

ফিউন্যারাল ডিরেক্টররা মুসলিম ব্যক্তিদের মধ্যে যারা শেষ গোসল এবং জানাজার কাজ পরিচালনায় পারদর্শী এমন লোকদের সাথে কাজ করবেন এবং উক্ত কর্মাদি যাতে নিরাপদে করা যায় সে বিষয়ে পরামর্শ প্রদান ও তদারকি করবেন।

৩য় স্তরের সতর্কতা চলাকালে ইমামগন ধর্মীয় শেষকৃত্যগুলি সম্পাদন করতে পারবেন। জানাজায় সর্বোচ্চ দশজনের উপস্থিতিসহ ৩য় স্তরের সতর্কতা মেনে চলার প্রয়োজনীয় শর্তাদি নিশ্চিত করার স্বার্থে, দয়া করে আপনাদের ফিউন্যারাল ডিরেক্টরের সাথে এ বিষয়ে আলোচনা করুন।

### হালাল গোশতের দোকানগুলি কি চালু রাখা যাবে?

হ্যাঁ, হালাল গোশতের দোকানগুলি ৩য় স্তরের সতর্কতার অধীনে চালু রাখা যাবে। তবে অন্য ব্যবসার মতো তাদেরও ৩য় স্তরের সতর্কতার শর্তাদি মেনে চলতে হবে।

হালাল গোশতের ব্যবসায়ীগন অনলাইনে বা ফোনে ক্রয়াদেশ নিতে পারেন। অতঃপর তা তারা সরবরাহ করতে পারেন অথবা গ্রাহকরা নিজেরাই দোকানের বাইরে থেকে সংগ্রহ করতে পারেন। তবে, গ্রাহকরা দোকানে প্রবেশ করতে পারবেন না।

অন্য সমস্ত কর্মক্ষেত্রের মতো, হালাল ব্যবসায়ীদের অবশ্যই নিরাপদে কর্ম পরিচালনা করতে হবে। এর অর্থ হলো জনস্বাস্থ্যের জন্য যথাযথ শর্তাদি এবং অন্য সমস্ত স্বাস্থ্যগত ও সুরক্ষার দায়বদ্ধতা পূরণ করা।

যদি ২য় স্তরের সতর্কতা চলা কালে ঈদ অনুষ্ঠিত হয় সেক্ষেত্রে কি মসজিদসমূহ তাদের নিকটবর্তী ভিন্ন ভবনে বা অন্য কোন স্থাপনা প্রতি ১০০ জনের জমায়েতের জন্য ব্যবহার করতে পারবে?

অন্যান্য জমায়েতের ক্ষেত্রে প্রযোজ্য শর্তগুলি ঈদের জমায়েতের ক্ষেত্রেও সমভাবে প্রযোজ্য হবে।

যদি ২য় স্তরের সতর্কতা চলা কালে ঈদ অনুষ্ঠিত হয়, সেক্ষেত্রে সর্বমোট জমায়েতের সংখ্যা একক জমায়েতের জন্য সর্বাধিক অনুমতি প্রাপ্ত সংখ্যার অধিক হবে না। এটি গুরুত্বপূর্ণ যে আমরা বিধিনিষেধ মেনে চলতে সচেষ্ট থাকবো।

যদি প্রতিটি ভবনের নিজস্ব প্রবেশপথ, নিজস্ব সুবিধাদি (যথাঃ বাথরুম এবং রান্নাঘর) থাকে এবং এক ভবনের লোকেরা অন্য ভবনের লোকজনদের সাথে নিজ নিজ ভবনে প্রবেশ বা চলে যাওয়ার সময় কোনও উপায়ে সামাজিক সংযোগ না ঘটায় তবে প্রতিটি সমাবেশকে অন্যের থেকে পৃথক হিসাবে বিবেচনা করা হবে।

Find out more at  
**Covid19.govt.nz**

New Zealand Government

Unite  
against  
COVID-19